উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২১-৮৪৩(৫০) তারিখ ঃ ০৬ অগ্রহায়ন ১৪২৮
২০ নভেম্বর ২০২১

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশতঃ ৬ষ্ঠ উপজেলা পরিষদের ২৮তম মাসিক সভা আগামী ২৩/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার এর পরিবর্তে আগামী ২৪/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১ঃ৩০ টায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/চিঠি-পত্রের বিষয়ে আলোচনা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ / পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৪। বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৫। উপজেলা পরিষদের সদস্যগণ কর্তৃক উপস্থাপিত বিষয় সমূহ আলোচনা।
০৬। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম আলোচনা।
০৭। বিবিধ বিষয় আলোচনা।

ক) ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
খ) উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত সকল বিভাগের বাসাবাড়ীতে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের বাসা ভাড়ার অর্থ উপজেলা পরিষদ তহবিলে জমাকরণ বিষয়ে আলোচনা।
গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে সোনালী ব্যাংকের একটি বুথ খোলার বিষয়ে আলোচনা।
গ) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়নের বিষয়ে আলোচনা।
ঘ) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা।
ঙ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
চ) উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল আপডেটকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
ছ) মাল্টিমিডিয়া ক্লাসরুম ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা।
জ) কমিউনিটি ক্লিনিক পরিচালনার বিষয়ে আলোচনা।
ঝ) ২০২১-২০২২ অর্থ বছরে ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
ঞ) ভিক্ষুক পুর্নবাসন সংক্রান্ত বিষয়ে আলোচনা।

০২। উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল এবং সভার কার্যপত্র (যদি থাকে) আবশ্যিকভাবে আগামী ২১/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে (ই-মেইল নং- narayan14gram@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হ'ল।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল-০১৭৩৩৫৪৯৩৬
ই-মেইল- unocomillasadarsouth@gmail.com

প্রাপক ঃ .............................................................
.............................................................
.............................................................
ও সদস্য, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২১- ৮৪৩(৫০)/১(৭) তারিখ ঃ ০৬ অগ্রহায়ন ১৪২৮
২০ নভেম্বর ২০২১

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এর সদয় অবগতির জন্য।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁকে উপজেলা কমিটির কোন সুপারিশ থাকলে তা এ কার্যালয়ে আগামী ২১/১১/২০২১ তারিখের মধ্যে ই-মেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ নোটিশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। সংরক্ষণ নথি।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

# উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

**কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের নভেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী ঃ**

সভার সভাপতি ঃ জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
সভার তারিখ ঃ ২৪ নভেম্বর, ২০২১ খ্রিঃ, রোজ বুধবার সভার সময় ঃ সকাল ১১ঃ৩০ টা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
সভার উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে উল্লেখ করা হলো।

উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব গোলাম সারওয়ার সভায় সভাপতিত্ব করেন। সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব শুভাশিস ঘোষ আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় বিগত ৩১ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের অক্টোবর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সময়ে সময়ে মৌখিক ও লিখিতভাবে প্রদত্ত পরামর্শ মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। তিনি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন বিষয়ে কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং বিভাগীয় কর্মকর্তাগণ জানান, তাদের কাছে বর্তমানে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন সুপারিশ বাস্তবায়নের অপেক্ষায় নেই।

সিদ্ধান্ত ঃ

ক) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় এঁর নিকট হতে মৌখিক ও লিখিতভাবে কোন পরামর্শ পাওয়া গেলে সেবিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। নুতন কোন সার্কুলার/পরিপত্র বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কোন বিভাগের নতুন কোন পরিপত্র থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক সভায় কোন নতুল সার্কুলার/ পরিপত্র উপস্থাপন করা হয়নি।

০৫। বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা ঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব-বিভাগের কাজের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

ক) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ফলোআপ রিপোর্ট এবং সভার কার্যপত্র (যদি থাকে) যথাসময়ে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার নিকট জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল।

০৬। বিভিন্ন উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

ক) জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক ২৪ নভেম্বর, ২০২১ পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সমূহ সভায় উপস্থাপন করা হয়। উপজেলা কমিটির কার্যবিবরণী সমূহ পর্যালোচনায় দেখা যায়, নভেম্বর ২০২১ মাসে ০৮টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি অক্টোবর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী সকল উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।

বাস্তবায়নেঃ ১। সভাপতি, সংশ্লিষ্ট সকল উপজেলা কমিটি।

২। সদস্য-সচিব (বিভাগীয় কর্মকর্তা), সংশ্লিষ্ট সকল।

০৭। সভায় অনুমোদন যোগ্য উপজেলা কমিটির নিকট হতে প্রাপ্ত প্রস্তাব সমূহের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | উপজেলা কমিটির নাম | প্রাপ্ত প্রস্তাব ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১০/১১/২০২১ তারিখ মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি। | ক) নভেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০২ | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১১/১১/২০২১ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি। | ক) নভেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৩ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২৫/১১/২০২১ তারিখ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি। | ক) নভেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২৮/১০/২০২১ তারিখ পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আমার বাড়ি আমার খামার প্রকল্পের ভবন সম্প্রসারণের অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ তহবিল হতে অনুদান দেয়ার প্রস্তাব করা হয়েছে। | ক) সভায় আমার বাড়ি আমার খামার প্রকল্প এর অফিস ভবন সম্প্রসারণের অবশিষ্ট কাজ সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ০৫ | সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৭/১১/২০২১ তারিখ সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এ উপজেলাধীন সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এ্যান্ড কলেজ, কনেশতলা মাধ্যমিক বিদ্যালয়, কালীর বাজার মাধ্যমিক বিদ্যালয় এবং লালমাই উচ্চ বিদ্যালয়ে ০১(এক)টি করে ড্রাম সেট প্রদানের প্রস্তাব করা হয়েছে। | ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন সহায়তা প্রকল্পের আওতায় এ উপজেলাধীন সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এ্যান্ড কলেজ, কনেশতলা মাধ্যমিক বিদ্যালয়, কালীর বাজার মাধ্যমিক বিদ্যালয় এবং লালমাই উচ্চ বিদ্যালয়ে ০১(এক)টি করে ড্রাম সেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৬ | মাধ্যমিক ও মাদ্রাসা | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা | ক) চলতি ২০২১-২০২২ অর্থ | ক) সভাপতি/ |

<table>
<tr>
<td></td>
<td>শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি</td>
<td>
পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত ১৭/১১/২০২১ তারিখ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানে হাই ও লো বেঞ্চ সরবরাহের একটি প্রকল্প প্রস্তাব করা হয়েছে।<br>
আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ বলেন, বিগত অর্থ বছরে " উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর আওতায় এ উপজেলাধীন ২৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ করা হয়েছে। কিন্তু এ উপজেলাধীন অনেক শিক্ষা প্রতিষ্ঠানে হাই ও লো বেঞ্চের অনেক চাহিদা রয়েছে। বেঞ্চের অভাবে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের পাঠদানে খুব ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। তাই চলতি বছরের ইউজিডিপি প্রকল্পের ৫০ লক্ষ্য টাকার বরাদ্দ হতে ১০ লক্ষ টাকার দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রকল্প এবং অবশিষ্ট ৪০ লক্ষ টাকা ব্যয়ে শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করা যেতে পারে।<br>
এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার সভায় যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ প্রয়োজন তার তালিকা পাঠ করে শুনান। শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে সভায় উপস্থাপিত তালিকা হতে নিম্নেবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পার্শ্বে বর্ণিত পরিমান হাই ও লো বেঞ্চ প্রদানের প্রস্তাব চুড়ান্ত করা হয় ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>শিক্ষা প্রতিষ্ঠানের নাম</th><th>বেঞ্চের পরিমান</th></tr>
<tr><td>০১</td><td>বেলতলী উচ্চ বিদ্যালয়</td><td>৩০ জোড়া</td></tr>
<tr><td>০২</td><td>নজরুল একাডেমী</td><td>৩৫ জোড়া</td></tr>
<tr><td>০৩</td><td>বামিশা হাজী এ এ উচ্চ বিদ্যালয়</td><td>৫০ জোড়া</td></tr>
<tr><td>০৪</td><td>গোয়ালগাঁও এম. এ মাধ্যমিক বিদ্যালয়</td><td>২৫ জোড়া</td></tr>
<tr><td>০৫</td><td>বারপাড়া আমেনা বেগম বালিকা উচ্চ বিদ্যালয়</td><td>৩৫ জোড়া</td></tr>
<tr><td>০৬</td><td>শ্রীমন্তপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা</td><td>৩০ জোড়া</td></tr>
<tr><td>০৭</td><td>মঙ্গলমুড়া আফজালুল উলুম দাখিল মাদ্রাসা</td><td>২০ জোড়া</td></tr>
<tr><td>০৮</td><td>শুভপুর মনোয়ারা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়</td><td>২০ জোড়া</td></tr>
<tr><td>০৯</td><td>লালবাগ আলিম মাদ্রাসা</td><td>২০ জোড়া</td></tr>
<tr><td>১০</td><td>সুয়াগঞ্জ টি এ হাই স্কুল এ্যান্ড কলেজ</td><td>৫০ জোড়া</td></tr>
<tr><td>১১</td><td>কনেশতলা মাধ্যমিক বিদ্যালয়</td><td>৩৫ জোড়া</td></tr>
<tr><td>১২</td><td>লালমাই উচ্চ বিদ্যালয়</td><td>৪০ জোড়া</td></tr>
<tr><td>১৩</td><td>মথুরাপুর ইসঃ বালিকা দাখিল মাদ্রাসা</td><td>২০ জোড়া</td></tr>
<tr><td>১৪</td><td>কোমাল্লা মাধ্যমিক বিদ্যালয়</td><td>৪০ জোড়া</td></tr>
<tr><td>১৫</td><td>রাখারখোলা উচ্চ বিদ্যালয়</td><td>১০ জোড়া</td></tr>
<tr><td>১৬</td><td>কমলপুর মাধ্যমিক বিদ্যালয়</td><td>১০ জোড়া</td></tr>
<tr><td>১৭</td><td>মধ্যম বিজয়পুর আদর্শ উচ্চ বিদ্যালয়</td><td>১০ জোড়া</td></tr>
<tr><td>১৮</td><td>রতনপুর সিনিয়র আলিম মাদ্রাসা</td><td>১০ জোড়া</td></tr>
<tr><td>১৯</td><td>চাঁদপুর জনতা হাই স্কুল এ্যান্ড কলেজ</td><td>২০ জোড়া</td></tr>
<tr><td>২০</td><td>লোলবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>১০ জোড়া</td></tr>
<tr><td>২১</td><td>লালবাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>১০ জোড়া</td></tr>
<tr><td>২২</td><td>ফকিরমুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>২০ জোড়া</td></tr>
<tr><td>২৩</td><td>ছনগাঁ সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>১০ জোড়া</td></tr>
</table>
</td>
<td>বছরের " উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর আওতায় বরাদ্দকৃত অর্থ হতে ৪০ লক্ষ টাকা ব্যয়ে পার্শ্বে বর্ণিত ২৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৬৭০ জোড়া হাই বেঞ্চ ও লো বেঞ্চ প্রদানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্প প্রস্তাব প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।</td>
<td>সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি/ ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৪ মথুরাপুর আকতার আলী সরকারি প্রাথমিক বিদ্যালয় — ১০ জোড়া<br>২৫ গলিয়ারা সরকারি প্রাথমিক বিদ্যালয় — ২৫ জোড়া<br>২৬ মধ্যম বিজয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয় — ২৫ জোড়া<br>২৭ কালিরবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় — ২০ জোড়া<br>২৮ রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় — ৩০ জোড়া<br>সর্বমোট — ৬৭০ জোড়া | | |
| ০৭ | বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত ১০/১১/২০২১ তারিখ বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদনযোগ্য কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) নভেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৮ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত ১১/১১/২০২১ তারিখ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা স্বাস্থ্য বিভাগ এবং পরিবার পরিকল্পনা বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদনযোগ্য কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) নভেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট স্থায়ী কমিটি। |

০৮। <u>উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ঃ</u>

সভায় বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ | ক) জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ বছরের দ্বিতীয় প্যাকেজের কাজ সমূহের ওয়ার্ক অর্ডার প্রদান করা হয়েছে। বর্তমানে জোড়কানন পূর্ব ও জোড়কানন পশ্চিম ইউনিয়নের প্রকল্প সমূহের কাজ চলছে। অন্য প্যাকেজের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সম্মানিত ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্পের তালিকা সকল স্থায়ী কমিটির নিকট হতে আহবান করা হয়েছে। তবে অদ্যাবধি প্রকল্পের তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>খ) জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে, বিজয়পুর ইউনিয়নের ঘোষগাঁও নাথবাড়ী সংলগ্ন পুকুরপাড় অতিবৃষ্টির কারণে ধসে পড়ায় রাস্তার জরুরী মেরামতের লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান "ঘোষগাঁও নাথবাড়ী সংলগ্ন পুকুরের প্যালাওয়াল নির্মাণ" নামে একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেন এবং সে মোতাবেক কাজটি বাস্তবায়ন করা হয়েছে। বিগত ২২/০৯/২০২১ তারিখের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক স্কীম এলাকা সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে রাস্তা ধ্বসে পড়ার পেছনে সংশ্লিষ্ট পুকুরের মালিকের কোন অবহেলা/সংশ্লিষ্টতার প্রমান পাওয়া যায়নি। যেহেতু অতি বৃষ্টির কারণে রাস্তার সোল্ডার ক্ষতিগ্রস্থ হয়েছে, সেহেতু স্কীমটির বিল বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পরিশোধের | ক) ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্পের প্রস্তাবনা/তালিকা জরুরী ভিত্তিতে জমার দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।<br>খ) চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্পের অর্থ হতে " ঘোষগাঁও নাথবাড়ী সংলগ্ন পুকুরের প্যালাওয়াল নির্মাণ" প্রকল্পের বিল উপজেলা উন্নয়ন তহবিল হতে পরিশোধের অনুমোদন দেয়া হয়।<br>গ) বিজয়পুর ইউনিয়নের হাড়াতলী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং টিনশেড | ক) সভাপতি, সকল উপজেলা কমিটি/ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br>খ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।<br>গ) উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার, কুমিল্লা সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদন দেয়া যায়।<br>গ) জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে, বিজয়পুর ইউনিয়নের হাড়াতলী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি সরেজমিন পরিদর্শন করে জরাজীর্ণ মূল ভবন এবং আবাসিক ভবন মেরামতের জন্য ২০,০০,০০০.০০ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি আরো জানান যে, শুধু জরাজীর্ণ টিনশেড আবাসিক ভবন মেরামতের জন্য প্রায় ১২ লক্ষ টাকার প্রয়োজন হবে। উল্লিখিত বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | আবাসিক ভবন মেরামতের প্রয়োজনীয় অর্থ উপজেলা পরিষদ তহবিল হতে বরাদ্দ দেয়া সম্ভব হবে না বিধায় উল্লিখিত কাজ সম্পাদনের জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাথে পত্র যোগাযোগের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসারকে অনুরোধ করা হয়। | দক্ষিণ। |
| ২। | ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনাঃ | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের(ইউজিডিপি) আওতায় অবকাঠামো উপ-প্রকল্পের " INF ২০১৯-২০-২০১৯৩৩-০২ " প্যাকেজের " কোভিড-১৯ এর জন্য চিকিৎসা সরঞ্জাম সরবরাহ" এর ৯,৮০,০০০.০০ টাকার এবং " INF ২০১৯-২০-২০১৯৩৩-০৩ " প্যাকেজের ২০টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৩৯৬ জোড়া হাই-লো বেঞ্চ সরবরাহ করে এর ২২,৯৬,৪০৪.০০ টাকার বিল ঠিকাদারী প্রতিষ্ঠান দাখিল করেছেন। তিনি দাখিলকৃত বিল অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।<br>সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী সভায় (ইউজিডিপি) প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছরের (৫ম রাউন্ড) অবকাঠামো উন্নয়নের জন্য বিভিন্ন উপজেলা কমিটি হতে প্রাপ্ত উপ-প্রকল্পগুলো 'প্রকল্প যাচাই কমিটি'র মাধ্যমে চূড়ান্ত করে উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন; যা পরিশিষ্ট "গ"-তে উল্লেখ করা হলো। | ক) ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় অবকাঠামো উপ-প্রকল্পের " INF ২০১৯-২০-২০১৯৩৩-০২ " প্যাকেজের " কোভিড-১৯ এর জন্য চিকিৎসা সরঞ্জাম সরবরাহ" এর ৯,৮০,০০০.০০ টাকার বিল এবং " INF ২০১৯-২০-২০১৯৩৩-০৩ " প্যাকেজের ২০টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৩৯৬ জোড়া হাই-লো বেঞ্চ সরবরাহ কাজের ২২,৯৬,৪০৪.০০ টাকার বিল পরিশোধের অনুমোদন প্রদানের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট "গ"-তে উপস্থাপিত উপ-প্রকল্প প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ক)+খ) উপজেলা নির্বাহী অফিসার ও ইউডিএফ। |
| ৩। | খাদ্য বিভাগ ঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ১০ টাকা কেজি দরের চাল বিতরণের জন্য প্রস্তুতকৃত উপকার ভোগীদের তালিকাটি অনেক আগে তৈরি করা করা। ইচ্ছা করে যে কোন সময় কাউকে বাদ দেয়া যায় না বা তালিকা পরিবর্তন করা যায় না। তবে প্রতি ২ বছর অন্তর তালিকার ২০% উপকারভোগী পরিবর্তন করা যায়। উল্লিখিত তালিকায় কোন পরিবর্তন প্রয়োজন থাকলে ছক মোতাবেক উপকারভোগীদের নামের তালিকা দাখিলের জন্য তিনি সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ১০ টাকা কেজি দরের চালের উপকারভোগীদের বিদ্যমান তালিকায় কোন পরিবর্তন প্রয়োজন থাকলে ছক মোতাবেক উপকারভোগীদের নামের তালিকা দাখিলের জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ক)চেয়ারম্যান, সকল ইউপি। |

০৯। বিবিধ আলোচনাঃ

| | | | |
|---|---|---|---|
| ভিশন-২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে আলোচনাঃ<br><br>ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টার( ইউডিসি) ঃ | উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় ভিশন-২০২১ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের কার্যক্রম, কম্পিউটার শিক্ষার প্রসার এবং সাইবার অপরাধের বিষয়ে উপজেলা আইসিটি কমিটি/ফোরামের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | ক) ইউআইএসসি এর কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে এবং ইউআইএসসি- এর উদ্যোক্তাগণ কর্তৃক নিয়মিতভাবে দৈনিক আয়ের তথ্য আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে | ক) চেয়ারম্যান, সকল ইউপি, কুমিল্লা সদর দক্ষিণ।<br>খ) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ |

| | | | |
|---|---|---|---|
| | | বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগের কর্মকান্ডের যাবতীয় তথ্যাদির সফট কপি সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিকট জমা দিবেন। | প্রযুক্তি অধিদপ্তর/ বিভাগীয় কর্মকর্তা, সকল। |
| খ) আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের ঋণ বিতরণ ও আদায়সহ কার্যক্রমের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি সভায় জানান, জনপ্রতিনিধিদের সহায়তায় ঋণ আদায় ও বিতরণের অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। | ক) যারা ঋণ নিতে চায় তাদেরকে ঋণ দিতে হবে এবং যাদের পূর্বের লেনদেন ভালো তাদেরকে আগে ঋণ প্রদান করতে হবে। | ক)শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ। |
| গ) ভিক্ষুকমুক্তকরণ বিষয়ে আলোচনা। | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ভিক্ষুকমুক্তকরণের উদ্দেশ্যে প্রাথমিকভাবে যে ১০(দশ)জনকে নির্বাচিত করা হয়েছে তাদের গত ৩১/৮/২০২১ তারিখ পুনরায় সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। সাক্ষাৎকার গ্রহণ শেষে পুর্নবাসনের জন্য ০৭জনের একটি তালিকা চূড়ান্ত করা হয়েছে। সে মোতাবেক নির্বাচিত ০৭ জন ভিক্ষুককে পুর্নবাসনের জন্য ১,৬৪,২৮৪.০০ টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। উক্ত প্রাক্কলনটি তিনি সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের অনুরোধ জানান। | ক) নির্বাচিত ০৭ জন ভিক্ষুককে পুর্নবাসনের জন্য প্রস্তুতকৃত ১,৬৪,২৮৪.০০ টাকার প্রাক্কলনটি সভায় অনুমোদিত হয় এবং প্রকল্পের কাজটি পিআইসি এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঘ) উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের বারান্দা মোজাইককরণ বিষয়ে আলোচনা। | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের নীচ তলার পূর্ব-পশ্চিমের বারান্দা এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের সামনে থেকে ভবনের সামনের সিঁড়ি পর্যন্ত বারান্দায় মোজাইক করণের নিমিত্ত ২,০০,০০০/- টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের অনুরোধ জানান।<br>আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও সভাপতি বলেন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের রেইট অনুযায়ী বর্ণিত কাজটি সম্পাদনের জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার একটি প্রাক্কলন দাখিল করা হয়েছিল। উপজেলা পরিষদের নীচতলার বারান্দার পরিমাপ গ্রহণ করে দেখা যায়, বারান্দার প্রায় ২০০০ বর্গফুট জায়গা মোজাইক করতে হবে। স্থানীয় মোজাইক মিস্ত্রীকে ডেকে এনে কাজটি দেখানো হলে তিনি প্রতি বর্গফুট মোজাইককরণের কাজ (মালামালসহ) ১০৪০.৫৫ টাকা দরে সম্পাদন করতে পারবেন বলেছেন। তাই বর্ণিত কাজটি স্থানীয় সরকার বিভাগের নির্ধারিত রেইট মোতাবেক না করে প্রকল্প কমিটির মাধ্যমে স্থানীয় মোজাইক মিস্ত্রীর মাধ্যমে সম্পাদন করা হলে উপজেলা পরিষদের অনেক অর্থের সাশ্রয় হবে। | ক) উপজেলা পরিষদের অর্থ সাশ্রয়ের লক্ষ্যে প্রশাসনিক ভবনের নীচ তলার বারান্দায় মোজাইককরণের কাজ স্থানীয় মোজাইক মিস্ত্রী কর্তৃক দাখিলকৃত রেইটে সর্বমোট ২,০০,০০০/- টাকা ব্যয়ে পিআইসি এর মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের অফিস/বাসাবাড়ি মেরামত ও সংরক্ষণ খাত হতে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঙ) উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত সকল বিভাগের বাসাবাড়ীর ভাড়া পরিষদ তহবিলে জমাকরণ বিষয়ে আলোচনা। | জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, মন্ত্রী পরিষদ বিভাগ এর ৩০/৪/১৯৮৬ তারিখের সিডি ডিএ-২/১/১(৪)/৮৪-১১৬ নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদের নিকট ন্যাস্ত সরকারি বাসভবন সমূহের ভাড়া আদায় এবং রক্ষণাবেক্ষণ বিষয়ে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ ২ এর বিধানমতে উপজেলা পরিষদ স্বাস্থ্য কেন্দ্রে অবস্থিত বাসভবনসহ উপজেলা পরিষদের ন্যস্ত সমস্ত বাসভবনের বাসা ভাড়া উপজেলা পরিষদ তহবিলে জমা হবে মর্মে নির্দেশনা রয়েছে। সে মোতাবেক উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বাসভবন সমূহে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের বাসাভাড়ার | ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বাসভবন সমূহের বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি আগামী ১০/১২/২০২১ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়ঃ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | |
|---|---|---|---|
| | অর্থ উপজেলা পরিষদ তহবিলে জমা হচ্ছে কিন্তু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বাসভবন সমূহের বাসা ভাড়া উপজেলা পরিষদ তহবিলে জমা হচ্ছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বাসভবন সমূহের বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি সংগ্রহক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয় ঃ<br>০১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর জন্য কোন এ্যারো মার্ক বাসা আছে কিনা, থাকলে বর্তমানে কি অবস্থায় আছে এবং বাসা ভাড়া কোথায় জমা হয়;<br>০২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের জন্য কোন এ্যারো মার্ক কোন বাসা আছে কিনা, থাকলে বর্তমানে কি অবস্থায় আছে এবং বাসা ভাড়া কোথায় জমা হয়;<br>০৩। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে কয়টি গেজেটেড এবং কয়টি নন-গেজেটেড কোয়ার্টার আছে। থাকলে বর্তমানে কি অবস্থায় আছে এবং বাসা ভাড়া কোথায় জমা হয় এবং কত জন কর্মকর্তা/কর্মচারী সেখানে বসবাস করছেন;<br>০৪। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থিত বাসভবন সমূহের বাসাভাড়া জমা প্রদানের বিষয়ে বর্তমানে কী নীতিমালা রয়েছে? | ০১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর জন্য কোন এ্যারো মার্ক বাসা আছে কিনা, থাকলে বর্তমানে কি অবস্থায় আছে এবং বাসা ভাড়া কোথায় জমা হয়;<br>০২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের জন্য কোন এ্যারো মার্ক কোন বাসা আছে কিনা, থাকলে বর্তমানে কি অবস্থায় আছে এবং বাসা ভাড়া কোথায় জমা হয়;<br>০৩। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে কয়টি গেজেটেড এবং কয়টি নন-গেজেটেড কোয়ার্টার আছে। থাকলে বর্তমানে কি অবস্থায় আছে এবং বাসা ভাড়া কোথায় জমা হয় এবং কত জন কর্মকর্তা/কর্মচারী সেখানে বসবাস করছেন;<br>০৪। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থিত বাসভবন সমূহের বাসাভাড়া জমা প্রদানের বিষয়ে সর্বশেষ কী নীতিমালা রয়েছে ?<br>০৫। প্রাপ্ত তথ্যাদি আগামী মাসিক সভায় উপস্থাপনের জন্য উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| চ) উপজেলা পরিসংখ্যান অফিস মেরামত এবং ডরমিটরী ভবনের পানির মোটর স্থাপন বিষয়ে আলোচনা। | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, জরুরী প্রয়োজনে উপজেলা পরিসংখ্যান অফিস মেরামত কাজে ২৮,৪১২/- টাকা এবং ডরমিটরী ভবনে নতুন পানির পাম্প স্থাপন কাজে ২০,২৮৬/- টাকা ব্যয় হয়েছে। উক্ত কাজের বিল উপজেলা রাজস্ব তহবিলের অফিস/বাসাবাড়ি মেরামত ও সংরক্ষণ খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | ক) উপজেলা পরিসংখ্যান অফিস মেরামত কাজে ব্যয়িত ২৮,৪১২/- টাকা এবং ডরমিটরী ভবনে নতুন পানির পাম্প স্থাপন কাজে ব্যয়িত ২০,২৮৬/- টাকা খরচের বিল উপজেলা রাজস্ব তহবিলের অফিস/বাসাবাড়ি মেরামত ও সংরক্ষণ খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ছ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে সোনালী ব্যাংকের একটি বুথ/উপ-শাখা স্থাপন বিষয়ে আলোচনা। | জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে আর্থিক লেনদেন পরিচালনাকারী পল্লী সঞ্চয় ব্যাংক, দারিদ্র্য বিমোচন অফিস, পল্লী উন্নয়ন অফিস, সমাজসেবা অফিস, মহিলা বিষয়ক অফিস, যুব উন্নয়ন অফিস সরাসরি উপকারভোগীদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম/বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতা | ক) উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তর এর কোটি কোটি টাকার আর্থিক লেনদেন ঝুঁকিমুক্ত পরিবেশে এবং নিরাপদে পরিচালনার করা এবং | ক) উপ-মহা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | বিতরণ করে থাকেন। এছাড়া অনান্য বিভাগের কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন-ভাতাসহ বিভিন্ন কার্যক্রমের/ প্রকল্পের কোটি কোটি টাকার লেনদেন পরিচালিত হয়। কিন্তু উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে সোনালী ব্যাংকের কোন বুথ/ উপ-শাখা না থাকায় উল্লিখিত বিভাগ সমূহের যাবতীয় আর্থিক লেনদেন সমূহ উপজেলা হতে প্রায় ০৩ কিঃমিঃ দুরে অবস্থিত সোনালী ব্যাংকের কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা শাখা/ অন্যান্য ব্যাংকের মাধ্যমে সম্পাদন করতে হয়। অতি ক্ষুদ্র অংকের ৫০ বা ১০০ বা ২০০ টাকার আয়কর ও ভ্যাটের চালান জমা দেয়ার জন্যও জীবনের ঝুঁকি নিয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্স হতে পদুয়ার বাজার পর্যন্ত প্রায় ৩ কিঃ মিঃ পথ ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উপর দিয়ে যাতায়াত করতে হয়। এখানে আরো উল্লেখ্য যে, বর্তমানে এ উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতার অর্থ EFT এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। তাই প্রত্যেক মাসেই প্রতিটি কর্মকর্তা/কর্মচারীকে বেতন-ভাতার অর্থ উত্তোলনের জন্য পদুয়ার বাজারে অবস্থিত সোনালী ব্যাংকের উপজেলা শাখায় যেতে হচ্ছে। মহাসড়কের উক্ত অংশে চলাচল খুবই ঝুঁকিপূর্ণ। উক্ত অংশে কিছু দিন পর পর মারাত্মক সড়ক দূর্ঘটনা ঘটছে এবং প্রাণহানিসহ প্রায়শঃই ছিনতাইয়ের ঘটনা ঘটছে। তাই উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে সোনালী ব্যাংকের একটি বুথ বা উপ-শাখা স্থাপন করা হলে উল্লিখিত সরকারি দপ্তর সমূহের কোটি কোটি টাকার আর্থিক লেনদেন কোন প্রকারের ঝুঁকি বিহীনভাবে ও নিরাপদে পরিচালনা করা সম্ভব হবে এবং বিপুল সংখ্যক কর্মকর্তা/কর্মচারীগণ নিজ কর্মস্থল থেকে তাদের বেতন-ভাতার অর্থ সহজেই উত্তোলন করতে পারবে।<br>আলোচনায় অংশ নিয়ে উপজেলা পরিষদের অন্য সকল সদস্য উক্ত বক্তব্যের সাথে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে সোনালী ব্যাংকের একটি বুথ বা উপ-শাখা স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দাবী জানান। | কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ভাতার অর্থ নিজ কর্মস্থল হতে সহজে উত্তোলনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে সোনালী ব্যাংকের একটি বুথ বা উপ-শাখা স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস, কুমিল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| জ) উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমের প্রমানাদি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোডকরণ বিষয়ে আলোচনা। | জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদকে প্রতিবছর ৫০,০০,০০০/- ( পঞ্চাশ লক্ষ) টাকা করে আর্থিক বরাদ্দ দেয়া হচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম মূল্যায়নের উপর প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে নিয়মিত বরাদ্দের অতিরিক্ত আরো ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়ার সুযোগ রয়েছে। বিগত ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম মূল্যায়নের প্রাপ্ত ফলাফল পর্যালোচনায় দেখা যায়, উপজেলা পরিষদ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি ওয়েব পোর্টালে আপডেট না করা কিংবা সময়মত আপলোড না করার কারণে সকল রেকর্ডপত্র থাকা স্বত্বেও এ উপজেলা পরিষদ সর্বোচ্চ নম্বর প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। ফলশ্রুতিতে এ উপজেলা পরিষদ অতিরিক্ত ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রাপ্তি হতেও বঞ্চিত হয়েছে; যা মোটেই কাম্য নয়। তিনি আরো জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় গত ১৩ ও ১৪ নভেম্বর, ২০২১ তারিখ স্থানীয় সরকার বিভাগে একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় জানানো হয়েছে যে, এখন থেকে উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম দাতা সংস্থা কর্তৃক অনলাইনে মূল্যায়ন করা হবে এবং কার্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হতে | ক) উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ কার্যক্রম সমূহ যথাসময়ে ওয়েব পোর্টালে আপলোড করার কাজ সম্পাদন ও কার্যক্রম নিয়মিত মনিটর করার জন্য একটি কমিটি গঠণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গঠিত কমিটিকে আগামী ৩০/১১/২০২১ তারিখের মধ্যে ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | |
|---|---|---|---|
| | প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হবে। তাই উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম সময়মত সম্পাদন করা এবং কার্যক্রমের তথ্যাদি উপজেলার ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | | |
| ঝ) উপজেলা পরিষদের অফিস/বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা। | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদের অফিস/বাসা বাড়ীর জরুরী মেরামত কাজ সম্পাদনের জন্য ৫২,৯৬২.০০ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং আরো কিছু ভবনে জরুরীভাবে আরো কিছু মেরামত কাজ করতে হবে। যেহেতু ভবন সমূহ জরুরী মেরামতের অভাবে দ্রুত ক্ষতিগ্রস্থ হচ্ছে, তাই উপস্থাপিত প্রাক্কলন অনুমোদন এবং নতুন প্রাক্কলন প্রস্তুতের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের অফিস/বাসা বাড়ীর জরুরী মেরামত কাজ সম্পাদনের জন্য প্রস্তুতকৃত ৫২,৯৬২.০০ টাকার প্রাক্কলন সভায় অনুমোদিত হয় এবং জরুরীভাবে মেরামতযোগ্য কাজের প্রাক্কলন তৈরির প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঞ) আনসার ব্যারাক নির্মাণ সংক্রান্ত বিষয়ে আলোচনা | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য নতুন স্থান নির্বাচন করা হয়েছে। কাজ সম্পাদনের অনুমোদন দেয়া হলে দরপত্র আহবানসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | ক) আনসার ব্যারাক নির্মাণের টেন্ডার আহবানসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলাম সারওয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০০২.২১- ৮৬০(৫০)

তারিখ ঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৮
২৮ নভেম্বর ২০২১

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০৭। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮। উপজেলা ........................................................................... অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান,.......................................................................ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১০। সংরক্ষণ নথি।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
ফোন- ০১৭৩৩৩৫৪৯৩৬
ই-মেইল: unocomillasadarsouth@gmail.com

পরিশিষ্ট "ক"

## ২৪/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

(প্রতিনিধি সদস্যবৃন্দ)

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | উপস্থিত | অনুপস্থিত | |
| ০১ | জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৩ | মিসেস নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | জনাব মোঃ খোরশেদ আলম, চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব মোঃ আবুল কালাম আজাদ,চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ ওবায়েদুর রহমান, চেয়ারম্যান, গলিয়ারা উত্তর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৭ | জনাব মোঃ জামাল উদ্দিন প্রধান, চেয়ারম্যান, গলিয়ারা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব মোঃ সেলিম আহাম্মদ, চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব মোঃ হারিছ মিয়া, চেয়ারম্যান, জোড়কানন(পূর্ব) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১০ | জনাব মোঃ হাসমত উল্লাহ, চেয়ারম্যান, জোড়কানন(পশ্চিম) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |

(কর্মকর্তা সদস্যবৃন্দ )

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | উপস্থিত | অনুপস্থিত | |
| ০১ | জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | ডাঃ মোঃ আশ্রাফুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৩ | জনাব দেবাশীষ চৌধুরী, অফিসার ইন চার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | জনাব মোঃ শাহ জালাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ মহিউদ্দিন মজুমদার, উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৭ | ডাঃ মোঃ ইসমাইল হোসেন,উপজেলা প্রানী সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব শামীমা শারমীন, উপজেলা সমাজ সেবা অফিসার ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | বেগম তানজুমা পারভীন লুনা,উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১০ | জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১১ | জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১২ | জনাব নাসরিন আক্তার, কো-অর্ডিনেটর, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৩ | জনাব মোঃ আবদুল মালেক, উপজেলা সমবায় অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৪ | জনাব মোঃ মজিবুর রহমান, উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৫ | জনাব মোস্তফা কামাল সরকার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৬ | জনাব তাজমুন নাহার খায়ের, উপজেলা পরিসংখ্যান অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৭ | জনাব নাজমুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৮ | জনাব মোঃ ফজলে রাব্বী সরকার, ফরেস্টার,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৯ | শায়লা সারমিন, উপজেলা মৎস্য অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২০ | জনাব প্রান্তিক সাহা, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২১ | জনাব মোঃ খলিলুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২২ | জনাব মোঃ এনামুল হক ভূঞা , উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৩ | জনাব মোঃ ফজলে রাব্বী, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৪ | বেগম সালমা খাতুন, সহকারী প্রোগ্রামার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৫ | জনাব মোঃ কামরুল হাসান, উপজেলা নির্বাচন অফিসার (অঃ দাঃ), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২৬ | মোসাঃ রাবেয়া সুলতানা, তথ্যসেবা কর্মকর্তা (তথ্য আপা) তথ্য কেন্দ্র, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৭ | জনাব শিমুল কান্তি সরকার, উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |